দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 06 FEB 2005
পৃষ্ঠা - ২০ ... ৭ ...

উচ্চ শিক্ষার প্রসার ঘটার পাশাপাশি মান নিম্নমুখী হচ্ছেঃ মঞ্জুরী কমিশন

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

দেশে উচ্চ শিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গে উচ্চ শিক্ষার মান নিম্নমুখী হচ্ছে। এ ক্ষেত্রে সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহের নানা অব্যবস্থা ও অসংগতি - তথ্য প্রযুক্তির স্বল্প ব্যবহার এবং গ্রন্থাগারগুলোর করুণ অবস্থা উল্লেখযোগ্য। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে। কমিশন শিক্ষার মান উন্নয়নের জন্য কিছু সুপারিশও করেছে।

কমিশনের রিপোর্টে বেসরকারী বিশ্ববিদ্যালয় সম্পর্কে বলা হয়েছে, শিক্ষার্থীদের উচ্চস্তরের গবেষণালব্ধ শিক্ষা গ্রহণ করার মাধ্যমে দক্ষ জনশক্তিতে পরিণত করে গড়ে তোলাই উচ্চ শিক্ষার প্রধান উদ্দেশ্য। এ ক্ষেত্রে যে সকল বিশ্ববিদ্যালয় এ দায়িত্ব পালনে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয় বিবেচনায় আনা যেতে পারে। বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (১৯শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

উচ্চ শিক্ষার প্রসার

(শেষ পৃঃ পর)

নানা অব্যবস্থা ও অসঙ্গতি দেখা যাচ্ছে। এ অসংগতি দূর করার জন্য উদ্যোক্তাদের যেমন আন্তরিক হতে হবে, তেমনি বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা ও তার অনুমোদনের শর্তাদি পালনে সংশ্লিষ্ট সকলকে যত্নশীল হতে হবে। রিপোর্টে বলা হয়, বেসরকারী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা বিজ্ঞান বিষয় পড়ার সুযোগ পাচ্ছে না। গ্রন্থাগার সম্পর্কে বলা হয়েছে, পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের গ্রন্থাগার এখন একটি ক্রান্তিকালে অবস্থান করছে। পুরনো বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারগুলোতে বিপুল সংগ্রহ বর্তমান তথ্য প্রযুক্তির মাধ্যমে তুলে না ধরার ফলে তার কার্যকর ব্যবহার হচ্ছে না। অপরপক্ষে নতুন বিশ্ববিদ্যালয়গুলোর গ্রন্থাগারে সংগ্রহের অপ্রতুলতার পাশাপাশি তা উন্নয়নের কোন বাজেটও নেই।

এ ক্ষেত্রে উন্নয়নে কমিশন মনে করে, দেশের ৭৬টি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারকে ন্যূনতম পর্যায়ে 'ডিজিটাইজড মডার্ন লাইব্রেরী' হিসেবে গড়ে তুলতে পরিকল্পনা মাফিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

উচ্চ শিক্ষায় আইসিটির (তথ্য প্রযুক্তি) ব্যবহার সম্পর্কে বলা হয়, বিশ্ববিদ্যালয় ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে জ্ঞান ও তথ্যের মহাসড়কে সার্বক্ষণিক অবস্থান অপরিহার্য। কমিশন উচ্চ শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে আইসিটির নতুন নতুন দিগন্ত উন্মোচনকারী প্রযুক্তি ও পরিবর্তনের ধারা গ্রহণ ও সরকারের প্রতিশ্রুতি মোতাবেক বিশ্ববিদ্যালয়গুলোতে তার বাস্তবায়ন কামনা করে।